ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং-ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০৪৭৪

তারিখ : ৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সংবাদ বিজ্ঞপ্তি**

# সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে ইআবি ভাইস-চ্যান্সেলরের শোক

বাংলাদেশের সাবেক তিনবারের প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ শামছুল আলম। তিনি বেগম জিয়ার রুহের মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

এক শোকবার্তায় ভাইস-চ্যান্সেলর বলেন, সর্বজন গ্রহণযোগ্য ও আপোষহীন এই নেত্রীর মৃত্যুতে রাষ্ট্রের অপূরণীয় ক্ষতি হলো এবং জাতি একজন যোগ্য অভিভাবককে হারালো। দীর্ঘ রাজনৈতিক জীবনে বেগম জিয়া বহু চ্যালেঞ্জ ও সংকটের মধ্য দিয়ে নেতৃত্ব দিয়েছেন। একনায়কতন্ত্র, স্বৈরাচার ও ফ্যাসিবাদের বিরুদ্ধে এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে তাঁর নেতৃত্ব অনস্বীকার্য।

তিনি বলেন, বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক অনন্য ব্যক্তিত্ব ও অবিস্মরণীয় নাম বেগম খালেদা জিয়া। দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ছিলেন তিনি। এছাড়া মুসলিম বিশ্বের দ্বিতীয় নির্বাচিত নারী সরকার প্রধানও ছিলেন তিনি। গণতন্ত্র, জাতীয় সার্বভৌমত্ব এবং জনগণের অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে তাঁর সাহসী ও বলিষ্ঠ ভূমিকা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। রাজনৈতিক জীবনে তাঁর ত্যাগ, প্রজ্ঞা ও নেতৃত্ব ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

ভাইস চ্যান্সেলর আরও বলেন, বেগম খালেদা জিয়া বাংলাদেশে প্রাতিষ্ঠানিক ও নারী শিক্ষার বিকাশ ও নারীর ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তিনি বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী ব্যক্তিত্ব ছিলেন। নব্বইয়ের দশকে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আন্দোলন, সংসদীয় রাজনীতি এবং রাষ্ট্র পরিচালনার বিভিন্ন পর্যায়ে তাঁর ভূমিকা দেশের রাজনৈতিক ইতিহাসে বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকবে। বেগম খালেদা জিয়ার মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনে এক বিশাল শূন্যতার সৃষ্টি হলো।

উল্লেখ্য, বেগম খালেদা জিয়া আজ মঙ্গলবার ভোরে (৩০ ডিসেম্বর ২০২৫) রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ইন্তিকাল করেন (ইন্নাল্লিহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

৩০/১২/২৫

পরিচালক
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আই সিটি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।